নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২১৭ ২০ জুলাই ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। আজ রোববার (২০ জুলাই ২০২৫) বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক উক্ত কর্মসূচির উদ্বাধন করেন। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। এ সময় তারা বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহীদ রুহুল আমিন অডিটোরিয়ামের সম্মুখে রাস্তারধারে দুটি দেবদারু বৃক্ষরোপণ করেন।

বিশ্ববিদ্যালয়ের স্টেট এন্ড হাউজিং শাখার আয়োজনে অনুষ্ঠিত উক্ত কর্মসূচিতে অন্যান্যের মাঝে আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবি প্রক্টর এ এফ এম আরিফুর রহমান, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক ড. মো. শিবলুর রহমান, স্টেট এন্ড হাউজিং শাখার প্রশাসক ড. আ.শ.ম. শরিফুর রহমানসহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও সাংবাদিকবৃন্দ।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪